

# সামাজিক ও রাজনৈতিক জীবন

আজকের বিষয়

মানবাধিকার

১) মানবাধিকার কি?

✓ মানুষের সার্বিক কল্যাণের জন্য সমাজ সৃষ্ট যে অধিকার তা হলো মানবাধিকার।

২) মানবাধিকার হলো মানুষের একধরনের \_\_\_\_\_ অধিকার?

✓ প্রাকৃতিক ও সহজাত অধিকার। মানবাধিকার হলো সর্বজনীন অধিকার।

৩) কোন দিনটিকে বিশ্ব মানবাধিকার দিবস হিসাবে সারা বিশ্বে পালন করা হয়?

✓ ১০ ডিসেম্বর

৪) সারা বিশ্বে মানবাধিকার কে সুনিশ্চিত করতে কত সালে রাষ্ট্রসংঘের সাধারণ সভা কর্তৃক মানবাধিকার সংক্রান্ত

## সর্বজনীন ঘোষণা ( Universal Declaration of Human Rights) গৃহীত করা হয়েছিল?

✓ ১৯৪৮ সালে ১০ ডিসেম্বর

৫) রাষ্ট্রসংঘের সাধারণ সভা দ্বারা গৃহীত ' মানবাধিকার সংক্রান্ত বিশ্বজনীন ঘোষণা পত্র ' এই ঘোষণা পত্রে বিভিন্ন মানবাধিকার রক্ষায় কয়টি ধারার কথা বলা হয়েছে?

✓ ৩০ টি ধারা।

৬) রাষ্ট্রসংঘের কোন প্রতিষ্ঠানের উপর মানবাধিকার প্রতিষ্ঠা করার মূল দায়িত্ব ন্যস্ত করা হয়েছে?

✓ অর্থনীতিক ও সামাজিক পরিষদ (৬২ ধারা)

৭) মানবাধিকার সংক্রান্ত বিশ্বজনীন ঘোষণা পত্রে সনদের কোন ধরায় বলা হয়েছে যে মানবাধিকার রক্ষায় সম্মিলিত জাতিপুঞ্জের সদস্যগণ যৌথ প্রচেষ্টায় ব্যবস্থা গ্রহণ করবে?

✓ সনদের ৫৬ তম ধারা অনুসারে।

৮) মানবাধিকারের সাথে সামঞ্জস্য রেখে ভারতীয় সংবিধানে কয়েকটি অধিকারের নাম উল্লেখ কর?

✓ মৌলিক অধিকার ( ধারা ১২ থেকে ৩৬ এবং সংবিধানের তৃতীয় অংশে রয়েছে) এবং রাষ্ট্র পরিচালনায় নির্দেশ মূলক নীতি ( ধারা ৩৬ থেকে ৫১ এবং সংবিধানের চতুর্থ অংশে রয়েছে)

৯) সারা বিশ্বে মানবাধিকারকে মান ও মাত্রা কে আরো প্রসারিত করতে যে উল্লেখযোগ্য সন্মলনগুলি উল্লেখ কর?

✓ ১) ১৯৯০ সালের নিউইয়র্ক এ অনুষ্ঠিত শিশুদের জন্য বিশ্ব শীর্ষ সম্মেলন

২) ১৯৯২ সালের রিও তে অনুষ্ঠিত পরিবেশ ও উন্নয়নের উপর সম্মিলিত জতিপুঞ্জের আলোচনা সভা

৩) ১৯৯৪ সালে কইরো তে অনুষ্ঠিত জনসংখ্যা ও উন্নয়নের উপর আন্তর্জাতিক আলোচনা সভা।

১০) ভারত সরকার কত খ্রিষ্টাব্দে 'মানবাধিকার সংরক্ষন আইন' পাশ করে?

✓ ১৯৯৩ সালের ২৮ সেপ্টেম্বর

১১) কোন আইনের বলে জাতীয় স্তরে মানবাধিকার রক্ষায় গঠিত 'জাতীয় মানবাধিকার কমিশন' গঠন করা হয়?

✓ ১৯৯৩ সালের 'মানবাধিকার সংরক্ষন আইন'

১২) ভারতীয় সংসদের দ্বারা মানবাধিকার রক্ষায় কয়েকটি কমিশনের নাম উল্লেখ কর?

✓১) জাতীয় মানবাধিকার কমিশন (১৯৯৩)

২) তপশিলি জাতি ও তপশিলী উপজাতিদের জন্য বিশেষ কমিশন

৩) মহিলাদের অধিকার রক্ষায় জাতীয় কমিশন

১৩) জাতীয় মানবাধিকার কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্যদের কে নিয়োগ করেন?

✓ রাষ্ট্রপতি

১৪) জাতীয় মানবাধিকার কমিশনের সভাপতি ও অন্যান্য সদস্যদের কার্যকাল কত?

✓ ৫ বছর (তবে পাঁচ বছরের সময়কাল অতিক্রান্ত হওয়ার আগে সভাপতির বয়স ৭০ হলে তাঁকে অবসর গ্রহণ করতে হয়)

১৫) জাতীয় মানবাধিকার কমিশন হলো একটি

✓ বিধিবদ্ধ ও স্বাশাসিত সংস্থা

১৬) ভারতীয় সনদের দ্বারা গৃহীত কোন কমিশন দেওয়ানী আদালতের ক্ষমতা ও পদমর্যাদা ভোগ করে?

✓ জাতীয় মানবাধিকার কমিশন

১৭) জাতীয় মানবাধিকার কমিশন মানবাধিকার লঙ্ঘনের অবসানের ব্যাপারে প্রয়োজনীয় ও উপযুক্ত লেখ (writ) জারি করার জন্য কোন সংস্থাকে আবেদন করতে পারে?

✓ সুপ্রিম কোর্ট (ধারা ৩২) এবং রাজ্যের হাইকোর্ট ( ধারা ২২৬)

১৮) বিভিন্ন প্রকার মানবাধিকারকে কয়টি স্তরে ভাগ করা যায় ও কি কি?

✓ তিনটি। যেমন

১) সকলের পৌর ও রাজনৈতিক অধিকার

২) অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার

৩) ঐক্য, সংহতি, প্রগতি, শান্তি ও মর্যাদার অধিকার।

১৯) Amnesty International হল একটি

✓ মানবাধিকার সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা (সদর দপ্তর: লন্ডন)



২০) সারা বিশ্বে মানবাধিকার রক্ষায় উল্লেখযোগ্য অবদানকারী কয়েকজন মনীষীগণের নাম উল্লেখ কর?

✓ মানবতাবাদী কবীর, স্বামী বিবেকানন্দ, মহাত্মা গান্ধী, ডি আর আশ্বেদকর, আব্রাহাম লিঙ্কন, মার্টিন লুথার কিং এবং নেলসন ম্যাডেলা

সমাপ্ত  
ধন্যবাদ

